-২৬৯-

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)। |
| তারিখ | : | ২৮.০৭.২০১৯ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | বিএমডির সভা কক্ষ। |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট-ক |

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

**২.০ আলোচনা :**

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা অর্জন ছাড়া বিকল্প কোন উপায় নেই। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন যে, ২০১৮-১৯ অর্থবছরের ৪ টি উদ্ভাবনী পরিকল্পনার মধ্যে ৩ টি অর্জিত হয়েছে। এ ছাড়া ২০১৯-২০ অর্থবছরের প্রণয়নকৃত উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়ন করা প্রয়োজন। কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের বিষয়ে সচেতনতা তৈরি এবং প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করা হয়। সভায় জানানো হয় যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক সেবাগ্রহীতাদেরকে সহজে অধিকতর উন্নত সেবা প্রদান এবং দপ্তরের কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ সম্প্রসারণের জন্য বিএমডি কর্তৃক ২০১৯-২০ অর্থবছরের নিম্নলিখিত উদ্ভাবনী কর্মপরিকল্পনাসমূহ গ্রহণ করা হয়েছে :

১। মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের সার্চ লিস্ট চালুকরণ;

২। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর নিজস্ব লোগো প্রস্তুতকরণ;

৩। পেনশন ভোগীদের জন্য পেনশন সেবা সহজীকরণ;

৪। বিএমডির দপ্তর প্রধানগণের অনার বোর্ড চালুকরণ।

সভায় জানানো হয়, উপরিউক্ত গৃহীতব্য কর্মপরিকল্পনাগুলোর মধ্যে উচ্চ আদালতে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের সার্চ লিস্ট ও অনলাইনের মাধ্যমে নিয়মিত মনিটরিং সেবা প্রদানের জন্য আগ্রহী যোগ্য প্রতিষ্ঠান অনুসন্ধান করা যেতে পারে।

সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সেবা প্রদানে যোগ্য প্রতিষ্ঠান প্রাপ্তির জন্য বিএমডি, জিএসবি ও হাইড্রোকার্বন ইউনিটের নোটিশ বোর্ড এবং বিএমডির ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩.০ সিদ্ধান্ত :**

(১) মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের সার্চ লিস্ট চালুকরণ ও অনলাইনের মাধ্যমে নিয়মিত মনিটরিং সেবা প্রদানের জন্য যোগ্য প্রতিষ্ঠান অনুসন্ধান করা;

(২) বিএমডির সকল কর্মকর্তার নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বানপূর্বক সমন্বিত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০৭.১৯

মোঃ মামুনুর রশীদ
সভাপতি, ইনোভেশন কমিটি।
ও
উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

-২৬৮

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২.৫০৬ তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৬ / ২৮ জুলাই ২০১৯

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ.-চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
২। কর্মকর্তা (সকল)..................................................বিএমডি, ঢাকা;
৩। সংশ্লিষ্ট নথি।

২৮.০৭.১৯

মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক